



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ঢাকা-৮২/ ২১২/১৭

তারিখঃ ১৫.০২.২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।**

সূত্রঃ নং-৫৭.০০.০০০০.০৮৫.৬৪.২৭.১৭-০২; তারিখঃ ০১ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার মোহাম্মদপুর থানাধীন নূরজাহান রোডে অবস্থিত বাইতুল ফজল ইসলামিয়া আলিম মাদ্রাসার অবৈধ অভিভাবক হওয়ায় জনাব এ কে এম আব্দুল মালেক নূরী এর সদস্য পদ বাতিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

বর্ণিত অবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১৪৮২/নথি নং- ঢাকা-৮২; তারিখঃ ১৯/০৫/২০১৬ খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির অভিভাবক সদস্য হিসাবে জনাব এ কে এম আব্দুল মালেক নূরী এর সদস্য পদ কেন বাতিল করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
15.02.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮  


প্রাপকঃ জনাব এ কে এম আব্দুল মালেক নূরী, অভিভাবক সদস্য  
বাইতুল ফজল ইসলামিয়া আলিম মাদ্রাসা, মোহাম্মদপুর, ঢাকা।

নং-বামাশিবো/প্রশাসন/ঢাকা-৮২/

তারিখঃ .০২.২০১৮ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১. উপজেলা নির্বাহী অফিসার, মোহাম্মদপুর, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহাম্মদপুর, ঢাকা।
৪. সভাপতি, বাইতুল ফজল ইসলামিয়া আলিম মাদ্রাসা, মোহাম্মদপুর, ঢাকা।
৫. অধ্যক্ষ, বাইতুল ফজল ইসলামিয়া আলিম মাদ্রাসা, মোহাম্মদপুর, ঢাকা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪